

২০১৪'র ৫ জানুয়ারির মতো একতরফা নির্বাচন জাতি মেনেনেবে না



নির্বাচনের পরিবেশ নিশ্চিত করার দাবিতে বাম গণতান্ত্রিক জোটের সংবাদ সম্মেলন

২৯ আগস্ট '১৮ পুরানা পল্টনের মুক্তিভবনের মৈত্রী মিলনায়তনে বাম গণতান্ত্রিক জোট আহূত সংবাদ সম্মেলনে জোটের কেন্দ্রীয় নেতৃবৃন্দ বলেন, দেশে এখন অবাধ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য জাতীয় নির্বাচনের ন্যূনতম কোন গণতান্ত্রিক পরিবেশ নেই; নিরাপদ ভোটাধিকার প্রয়োগেরও কোন সুযোগ নেই। দেশে আর একটি একতরফা নির্বাচনের কোনো অবকাশ নেই। নেতৃবৃন্দ বলেন, নিব্রক সংকট সমাধানের কার্যকরকিনেচরী উদ্যোগ না নিয়ে সরকারি দলের রাষ্ট্রীয় যাবতীয় সুযোগ ও ক্ষমতার অপব্যবহার করে আগামী নির্বাচনী প্রচার ও সরকারি চরম অগণতান্ত্রিক ও বেপরোয়া মনোভাবের কারণে জাতীয় নির্বাচন নিয়ে দেশবাসীর মধ্যে গভীর উদ্বেগ-উৎকর্ষা তৈরি হয়েছে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ ও আন্দোলনের ধারাবাহিক কর্মসূচি ঘোষণা করেন বাম গণতান্ত্রিক জোটের সমন্বয়ক কমরেড সাইফুল হক। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ও সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সভাপতি কমরেড মুজাহিদুল ইসলাম সেলিম, বাংলাদেশের সমাজতান্ত্রিক দলের কেন্দ্রীয় নেতা কমরেড বজলুর রশীদ ফিরোজ, ইউনাইটেড কমিউনিস্ট লীগের সম্পাদকমণ্ডলীর সদস্য কমরেড অধ্যাপক আব্দুস সাত্তার, গণতান্ত্রিক বিপ্লবী পার্টির সাধারণ সম্পাদক মোশেরেফা মিশু, গণসংহতি আন্দোলনের সমন্বয়ক ফিরোজ আহমেদ, বাসদ (মার্কসবাদী)-এর কেন্দ্রীয় নেতা ফখরুদ্দিন কবির আতিক ও বাংলাদেশের সমাজতান্ত্রিক আন্দোলনের আহ্বায়ক হামিদুল হক। এছাড়াও উপস্থিত ছিলেন সিপিবি'র সাধারণ সম্পাদক ও জোটের কেন্দ্রীয় নেতা মো. শাহ আলম, সাজ্জাদ জহির চন্দন, বহিঃশিখা জামালী, রাজেকুজ্জামান রতন, আজিজুর রহমান, রুহিন হোসেন প্রিন্স, আ.ক.ম জহিরুল ইসলাম প্রমুখ।

সংবাদ সম্মেলনে সাইফুল হক বলেন, আগামী নির্বাচনে বিতর্কিত ও স্বচ্ছতাহীন ইডিএম পদ্ধতির সংযোজন কোনভাবেই বরদাশত করা হবে না। আরপিও'তে আর কোন অগণতান্ত্রিক সংযুক্তিও গ্রহণ করা হবে না।

সংবাদ সম্মেলনে সাইফুল হক জোটের পক্ষ থেকে অবাধ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য আশু চারটি দাবি তুলে ধরেন।

দাবিসমূহ :

ক) জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার পূর্বে বর্তমান সরকারকে পদত্যাগ করে সব দল ও সমাজের অপরাপর মানুষের মতামত ভিত্তিতে 'নির্বাচনকালীন নিরপেক্ষ তদারকি সরকার' গঠন করতে হবে।

খ) নির্বাচনের তফসিল ঘোষণার পূর্বে বর্তমান জাতীয় সংসদ ভেঙে দিতে হবে।

গ) জনগণের আস্থাহীন ও সরকারের অনুগত বর্তমান নির্বাচন কমিশন পুনর্গঠন করতে হবে।

ঘ) সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব ব্যবস্থা প্রবর্তনসহ টাকার খেলা ও পেশীশক্তির্ভর বিদ্যমান গোটা নির্বাচনী ব্যবস্থার আমূল সংস্কার করতে হবে।

আন্দোলনের কর্মসূচি :

১। ৩০ আগস্ট '১৮ বিভিন্ন শ্রেণিপেশার নেতৃবৃন্দের সঙ্গে জোটের মতবিনিময় সভা।

২। ৮ সেপ্টেম্বর '১৮ বিকেল ৫টায় মুক্তিভবনের প্রগতি সম্মেলন কক্ষে দেশের বিশিষ্ট বুদ্ধিজীবী ও সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে বাম গণতান্ত্রিক জোটের মতবিনিময়।

৩। অবাধ ও নিরপেক্ষ জাতীয় নির্বাচন নিশ্চিত করতে বাম গণতান্ত্রিক জোটের চারটি সুনির্দিষ্ট দাবি আদায়ে ১০ সেপ্টেম্বর ২০১৮ সোমবার ঢাকাসহ দেশব্যাপী জেলা-উপজেলা পর্যায়ে সমাবেশ-বিক্ষোভ কর্মসূচির মাধ্যমে বস'দাবি দি' পালন।

- ৪। জনআস্থাহীন বর্তমান নির্বাচন কমিশনের পুনর্গঠন এবং বিদ্যমান নির্বাচনী ব্যবস্থার আমূল সংস্কারের দাবিতে ২০ সেপ্টেম্বর ২০১৮ বৃহস্পতিবার ঢাকায় নির্বাচন কমিশন অভিমুখে বিক্ষোভ এবং জেলা পর্যায়ে জেলা নির্বাচন অফিস অভিমুখে বিক্ষোভ।
- ৫। সীমাহীন দুর্নীতি ও দুঃশাসন প্রতিরোধে ১১ অক্টোবর '১৮ বৃহস্পতিবার ঢাকায় সচিবালয় অভিমুখে বিক্ষোভ।
- ৬। অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে বাম গণতান্ত্রিক জোটের সুনির্দিষ্ট দাবি আদায় এবং আশু ৫ দফা বাস্তবায়নে সেপ্টেম্বর ও অক্টোবর ২০১৮ দেশব্যাপী জেলা পর্যায়ে জনসভা অনুষ্ঠিত হবে।